



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কের ভিয়েতনাম যুদ্ধের প্রবীণ যোদ্ধাদের এবং তাদের পরিবারদের, তাদের সেবা ও আত্মত্যাগের জন্য সম্মান জানিয়ে ঘোষণা জারি করেছেন

*স্টেটের ল্যান্ডমার্কগুলি ভিয়েতনাম পরিষেবা পদকের রঙে আলোকিত করা হবে*

*আজ ভিয়েতনাম থেকে শেষ আমেরিকান ট্রুপ ফিরে আসার 50তম বার্ষিকী*

**ঘোষণাপত্রটি এখানে পড়ুন**

গভর্নর ক্যাথি হোকল আজ 29 মার্চ, 2023 তারিখকে ভিয়েতনাম ভেটেরান দিবস হিসেবে ঘোষণা করে একটি [ঘোষণাপত্র](#) জারি করেছেন। এই ঘোষণাপত্র ভিয়েতনাম প্রজাতন্ত্র থেকে সর্বশেষ আমেরিকান কমব্যাট ট্রুপ প্রস্থান করার দিনটির 50তম বার্ষিকীতে নিউ ইয়র্কের ভিয়েতনাম যুদ্ধের ভেটেরানদের সেবা ও ত্যাগের স্বীকৃতি প্রদান করছে। সেইসাথে, গভর্নর হোকল ভিয়েতনাম ভেটেরান দিবসের স্বীকৃতিস্বরূপ স্টেটজুড়ে বিখ্যাত স্থানগুলো সবুজ, হলুদ ও লাল আলোয় আলোকিত করার জন্য নির্দেশ দিয়েছেন। এই তিনটি রঙ ভিয়েতনাম যুদ্ধের সময়ে দায়িত্ব পালনকারী যুক্তরাষ্ট্রের বাহিনীর সদস্যদের অর্জন করা ভিয়েতনাম সার্ভিস মেডেল অলঙ্কৃত করে রেখেছে। মেডেলের মাধ্যমে স্বীকৃতি অর্জনকারী বাহিনীর সদস্যরা ভিয়েতনাম, কম্বোডিয়া, লাওস, থাইল্যান্ড অথবা এসব এলাকার পার্শ্ববর্তী জলাশয় বা এয়ারস্পেসে মাঠপর্যায়ে দায়িত্ব পালন করেছিলেন।

"ভিয়েতনাম ভেটেরানরা আমাদের স্টেট ও দেশের জন্য তাদের অপরিমেয় সেবার জন্য সর্বোচ্চ শ্রদ্ধা ও স্বীকৃতি পাওয়ার অধিকার রাখেন," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্কে, আমরা প্রতিদিন তাদের দায়িত্ব ও ত্যাগ যাতে প্রশংসিত ও স্মরণীয় হয়ে থাকে তা নিশ্চিত করতে কাজ করছি, এবং এই ভিয়েতনাম ভেটেরান দিবসে নিউ ইয়র্কের 207,000 ভিয়েতনাম ভেটেরানের অবদানকে উদযাপন করতে পারা আমার জন্য একটি সম্মানজনক ব্যাপার।"

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস (Division of Veterans' Services)-এর পরিচালক ভিভিয়ানা ডি কোহেন বলেন,** "অনেক দীর্ঘ সময় ধরে, আমাদের ভিয়েতনাম ভেটেরানরা তাদের সাহসী সেবার জন্য প্রাপ্য শ্রদ্ধা ও সম্মান থেকে বঞ্চিত হয়ে নিজেরাই নিজেদের দেখাশোনা করে আসছেন। আমি গর্বিত যে এখন এবং এখানে নিউ ইয়র্কে, আমাদের দেশের পক্ষ থেকে তাদের অসাধারণ কাজের জন্য দায়িত্ব পালনকারী প্রত্যেকে যাতে

স্বীকৃতি, প্রশংসা ও সাধুবাদ লাভ করেন সে বিষয়টি নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছি। এই ভিয়েতনাম ভেটেরান দিবসে এবং প্রতিটি দিন আমরা তাদের সেবার জন্য তাদেরকে ধন্যবাদ জানাই।"

বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে আনুমানিক 207,000 ভিয়েতনাম যুদ্ধের ভেটেরান বসবাস করছেন, এবং এই দেশ এবং এটি যে মূল্যবোধের প্রতিনিধিত্ব করে তার প্রতিরক্ষার জন্য যুদ্ধের সময় 4,119 জন নিউ ইয়র্কবাসী মৃত্যুবরণ করেছেন। তাদের নামগুলো ওয়াশিংটন, ডিসির ভিয়েতনাম মেমোরিয়াল ওয়ালে থাকা 58,276টি নামের তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। [নিউ ইয়র্ক স্টেট ভিয়েতনাম মেমোরিয়াল \(New York State Vietnam Memorial\)](#) আলবানির এম্পায়ার স্টেট প্লাজায় অবস্থিত।

আজ রাতে স্টেটের নিম্নলিখিত বিখ্যাত স্থানগুলো সবুজ, হলুদ, ও লাল আলোয় আলোকিত করা হবে:

1. ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
2. গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
3. কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
4. এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
5. রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
6. আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন (Alfred E. Smith State Office Building)
7. এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
8. স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার
9. ন্যাগাগ্রা জলপ্রপাত (Niagara Falls)
10. "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
11. অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
12. MTA LIRR – পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে
13. ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
14. ময়নিহান ট্রেন হল

## ভেটেরান্স পরিষেবা বিভাগ সম্পর্কে

[নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ভেটেরান্স সার্ভিসেস](#), যেটি 1945 সাল থেকে ভেটেরান, বাহিনীর সদস্য, ও সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোর জন্য স্টেটের পরামর্শদাতা সংস্থা হিসেবে দায়িত্ব পালন করে আসছে, সব ভেটেরান, বাহিনীর সদস্য, ও সামরিক বাহিনীর সদস্যদের পরিবারকে বিস্তৃত পরিসরের আইনি ক্ষেত্রগুলোতে সেবা প্রদান করার জন্য সংস্থাব্যাপী অঙ্গীকারাবদ্ধতা বজায় রেখেছে, যেসব ক্ষেত্রের মধ্যে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব ভেটেরান্স অ্যাফেয়ার্স (Department of Veterans Affairs) থেকে বেনিফিট পাওয়ার জন্য দাবি ও আপিল পেশ করা, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের (Department of Defense) কাছে ডিসচার্জ আপগ্রেডের আপিল পেশ করা, এবং নিউ ইয়র্ক স্টেটের বেনিফিটগুলোর জন্য দাবি পেশ করা অন্তর্ভুক্ত রয়েছে। ভেটেরান, বাহিনীর সদস্য, ও সামরিক বাহিনীর সদস্যদের পরিবারগুলোকে

তাদের চাহিদাগুলো পূরণ করা এবং তাদের অর্জন করা সমস্ত বেনিফিট লাভ করার জন্য একজন স্বীকৃত ভেটেরান্স বেনিফিট অ্যাডভাইজরের সঙ্গে — সরাসরি উপস্থিত হয়ে বা ভার্চুয়ালভাবে — সাক্ষাত করার জন্য এই ডিভিশনের সঙ্গে 888-838-7697 নম্বরে অথবা এটির ওয়েবসাইটে [veterans.ny.gov](http://veterans.ny.gov) ঠিকানায় যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। DVS-কে [ফেসবুকে \(Facebook\)](#), [ইনস্টাগ্রামে \(Instagram\)](#) ও [টুইটারে \(Twitter\)](#) অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)